**১১. অনলাইন মনিটরিং ও রিপোর্ট (ড্যাশবোর্ড):** e-Port Management System এ বন্দর কর্তৃপক্ষের Live Monitoring সহ স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত দৈনিক/



মাসিক/বাৎসরিক Management Information System (MIS) রিপোর্ট পাওয়া যাবে এবং সংরক্ষণ করা যাবে।

**১২. অনলাইন পেমেন্ট সুবিধা:** সেবাগ্রহীতা তথা আমদানিকারক/ সিএন্ডএফ এজেন্টগণ আমদানিকৃত পণ্যের বিপরীতে বন্দরের



বিল/মাশুল/চার্জ অনলাইনের মাধ্যমে (বিকাশ/মোবাইল ব্যাংকিং/ডেবিট ও ক্রেডিট কার্ড/নগদ/রকেট/অনলাইন ব্যাংকিং ইত্যাদি) পরিশোধ করার সুবিধা এবং পরিশোধিত বিলের তথ্য তাৎক্ষণিক বন্দর/ব্যাংকের মাধ্যমে আমদানিকারক/সিএন্ডএফ এজেন্টগণের নিকট auto SMS/e-mail-এ তথ্য প্রেরণ।

**১৩. আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট/ভারতীয় গাড়ীচালক/পণ্যের তথ্য সংরক্ষণ:** আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট/ভারতীয় গাড়ীচালক/পণ্যের তথ্য ডাটাবেইজে সংরক্ষিত রাখার সুবিধা।

**১৪. অনলাইন পেমেন্ট/এসএমএস নিরাপত্তা:** অনলাইন পেমেন্টের ক্ষেত্রে (বিকাশ/মোবাইল ব্যাংকিং/ডেবিট ও ক্রেডিট কার্ড/নগদ/ রকেট/অনলাইন ব্যাংকিং ইত্যাদি) Payment Gateway হিসেবে a2i কতৃক উন্নয়নকৃত ও অর্থমন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত ekpay ব্যবহার করা হয়েছে। SMS এর ক্ষেত্রে টেলিটক এসএমএস গেটওয়ে ব্যবহার করা হয়েছে।

**১৫. সিস্টেমের Testing, Hosting ও তথ্য নিরাপত্তা:** e-Port Management System টি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক Testing এবং ন্যাশনাল ডাটা সেন্টারে Hosting এর ব্যবস্থা রাখা হয়েছে। এতে তথ্যের নিরাপত্তা শতভাগ নিশ্চিত থাকবে।

## এক নজরে "ই-পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম" এর কার্যক্রম




কার্গো এন্ট্রির জন্য অপেক্ষমান কার্গোর সারি




বুড়িমারী স্থলবন্দরের কার্গো এন্ট্রি পয়েন্ট



ভারতীয় কার্গোর বিস্তারিত তথ্য এন্ট্রি




ভারতীয় গাড়িচালকের তাৎক্ষণিক ছবি তোলা




ভারতীয় কার্গোর বিস্তারিত তথ্য সমূহ সংরক্ষণ




আমদানিকৃত পণ্যের ওজন স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণ




আমদানিকৃত পণ্যের পোস্টিং (ইয়ার্ড/ট্রান্সশিপমেন্ট)



আমদানিকৃত পণ্যের পোস্টিং (শেড)



বুড়িমারী স্থলবন্দরে গেট পাশ এন্ট্রি




স্বয়ংক্রিয়ভাবে বন্দরের বিল/মাশুল জেনারেশন



বুড়িমারী স্থলবন্দরের বিল/মাশুল আদায়



বুড়িমারী স্থলবন্দরের অফিস অ্যাডমিন



বুড়িমারী স্থলবন্দরের সিস্টেম অপারেশন অ্যাডমিন



সার্ভার এবং ব্যাকইন্ড ম্যানেজমেন্ট

# বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

(নৌপরিবহন মন্ত্রণালয়)

**Bangladesh Land Port Authority**

**(Ministry of Shipping)**

www.bsbk.gov.bd

## স্থলবন্দর ব্যবহারকারীর সেবা সহজীকরণ নির্দেশিকা

**"মুজিব বর্ষ- ১০০ ডিজিটাল সার্ভিস" এ অন্তর্ভূক্ত**


## ই-পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম

1 2 3














4



5



6


# বুড়িমারী স্থলবন্দর

বুড়িমারী, পাটগ্রাম, লালমনিরহাট

সহযোগিতায়


a2i · Cabinet Division · ICT Division · UNDP · Divine IT Limited

# ই-পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম




## সিস্টেমের সংক্ষিপ্ত বিবরণ

প্রতিবেশী দেশগুলোর সাথে স্থল পথে আমদানি-রপ্তানি কার্যক্রমকে সহজতর ও গতিশীল করার লক্ষ্যে ২০০১ সালে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন ২০০১ (২০০১ সালের ২০নং আইন) এর আওতায় সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে নৌপরিবহন মন্ত্রণালয়'র অধীনে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। এ কর্তৃপক্ষের অধীনে বর্তমানে ঘোষিত ২৪টি স্থলবন্দরের মধ্যে বর্তমানে ১২টি স্থলবন্দরে কার্যক্রম চলমান রয়েছে। স্থলবন্দরে আমদানি রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সেবা সহজীকরণ ও ই-সার্ভিসের আওতায় বাংলাদেশ স্থলবন্দর, নৌপরিবহন মন্ত্রণালয় এবং ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর, এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে ২০১৬ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাবের মাধ্যমে ডিজাইনকৃত e-Port Management Systemটি বুড়িমারী স্থলবন্দরে বাস্তবায়ন করা হয়। এতে স্থলবন্দরের বিদ্যমান সকল সেবা অনলাইন সেবার মাধ্যমে সম্পন্ন হবে। ফলে বন্দর কর্তৃপক্ষ, সিএন্ডএফ এজেন্ট, আমদানি-রপ্তানিকারকগণ উপকৃত হবেন ও সেবা গ্রহীতাগণের সময়,




খরচ এবং যাতায়াত (টিসিবি) কমবে এবং স্থলবন্দরে আমদানি-রপ্তানি প্রসার বৃদ্ধি পাবে।

## বন্দর ব্যবহারকারী/সেবা গ্রহীতাদের নাগরিক সেবা সমূহ:

**১. কার্গো এন্ট্রি:** পণ্যবাহী ভারতীয় গাড়ি বন্দর অভ্যন্তরে প্রবেশের সঙ্গে সঙ্গে পণ্যের তথ্য এন্ট্রির সাথে সাথে তাৎক্ষণিক আমদানিকারকের নিকট auto SMS/e-mail-এ পণ্য বন্দরে প্রবেশের তথ্য প্রেরণ।

**২. ওজন এন্ট্রি:** আমদানিকৃত পণ্যবাহী গাড়িসহ স্বয়ংক্রিয় পদ্ধতিতে পণ্যের ওজন তাৎক্ষণিক আমদানিকারকের নিকট auto





SMS/e-mail-এ পণ্যের প্রকৃত ওজনের তথ্য প্রেরণ। এতে পণ্যের ওজন গড়মিল/ভুল হওয়ার কোনো সুযোগ নেই।

**৩. ভারতীয় গাড়ীচালকদের নিরাপত্তা পাস:** পণ্যবাহী ভারতীয় গাড়ীচালকদের নিরাপত্তার স্বার্থে তাৎক্ষণিকভাবে ছবি ধারণপূর্বক Barcode Scan এর মাধ্যমে তাদেরকে নিরাপত্তা পাস প্রদানের সুবিধা।





**৪. ই-পোর্ট মোবাইল অ্যাপস:** সেবা গ্রহীতাগণ তথা আমদানিকারক/সিএন্ডএফ এজেন্টসহ বন্দরের আমদানিকৃত পণ্যের অবস্থান ট্রাকিংসহ





যেকোনো অভিযোগ দাখিলের জন্য, পণ্যের বিল পরিশোধ সংক্রান্ত তথ্যসহ ইত্যাদি পর্যবেক্ষণ/মনিটরিং/ট্র্যাকিং করার সুযোগ থাকবে। এ অ্যাপস্টি Google Play Store (E-Port MS) এর মাধ্যমে ডাউনলোড করে ব্যবহারের সুবিধা।


**৫. অভিযোগ ব্যবস্থাপনা:** অনলাইন পোর্টালের মাধ্যমে সেবা গ্রহীতাগণ তথা আমদানিকারক/ সিএন্ডএফ এজেন্টসহ সকল Stake Holder গণের অভিযোগ জানানোর সুযোগ থাকবে যা বন্দর সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট তাৎক্ষণিক প্রেরিত হবে এবং সমস্যাটি সমাধানের বিষয়ে সেবা গ্রহীতাগণ অবহিতকরণের ব্যবস্থা থাকবে।




**৬. আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট পোর্টাল:** আমদানিকারক/সিএন্ডএফ এজেন্টের জন্য আলাদা আলাদা গ্রাহক পোর্টাল থাকবে। যেখানে আমদানিকারক/সিএন্ডএফ এজেন্টগণ রেজিষ্ট্রেশন করার মাধ্যমে আমদানিকৃত পণ্যের বিল/পণ্য সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অবলোকন/ট্র্যাকিং করার সুযোগ থাকবে।




**৭. স্বয়ংক্রিয় বিলিং:** বন্দরে বিলিং সম্পূর্ণ System Generated থাকবে। এতে ম্যানুয়েল বিল তৈরী/গড়মিল করার কোন সুযোগ নেই। এতে বন্দরের কর্মকর্তা/কর্মচারী/সেবা গ্রহীতাদের বন্দরে বিল সংক্রান্ত বিষয়ে কোনো মতানৈক্য থাকবে না। একই সাথে বন্দরের বিলের পরিমাণগত তথ্য তাৎক্ষণিক আমদানিকারক/সিএন্ডএফ এজেন্টগণের নিকট auto SMS/e-mail-এ আমদানিকৃত পণ্যের বিপরীতে বন্দরের প্রকৃত বিলের তথ্য প্রেরণ।




**৮. পণ্যের পোস্টিং:** আমদানিকৃত পণ্য বন্দরের শেড/ইয়ার্ডের পোস্টিং-এর তথ্য তাৎক্ষণিক আমদানিকারকের নিকট auto SMS/e-mail-এ পণ্য শেড/ইয়ার্ডে পণ্য পোস্টিং-এর তথ্য প্রেরণ। প্রতিটি শেডকে Graphical View এর মাধ্যমে ডিজাইন করা হয়েছে যার মাধ্যমে শেড-এর Real Time পণ্যের অবস্থান জানা যাবে।



**৯. বন্দরের গেট পাশ:** গেট পাশ-এ System Generated Barcode গেট পাশ প্রদান করা হবে। এতে বন্দরের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

**১০. অনলাইন ডেলিভারী:** আমদানি/রপ্তানিকারকগণ অনলাইনে পণ্যের ডেলিভারীর জন্য আবেদন করার সুযোগ থাকবে। এতে আমদানি/রপ্তানিকারকদের TCV (time-cost-visit) কমবে।

